

- ৫। ‘ন হন্যতে’র ভূমিকা অংশে মৈত্রয়ী দেবী সমসময় ও বিশিষ্ট মানুষদের উপস্থিতিকে উপন্যাসটির একটি উল্লেখযোগ্য দিক বলে চিহ্নিত করতে চান। উপন্যাসটি ব্যাখ্যার আলোকে বিষয়টি স্পষ্ট করো। ১০

অথবা

- ৬। মার্গারিটার ভালোবাসা নিরন্তর বয়ে চলা এক বর্ণার মতো, মুগ্ধ করে, আচ্ছন্ন করে রাখে, কিন্তু ক্লান্ত করে না। ‘সুদূর বর্ণার জলে’ উপন্যাস অবলম্বনে আলোচনা করো। ১০
- ৭। উনিশ শতকে কেশবচন্দ্র সেন, গিরিশচন্দ্র ঘোষ, বিজয়কৃষ্ণ গোস্বামী কিংবা নরেন্দ্রনাথ দত্ত-এর মতো নানা মত ও পথের মানুষ কেন রামকৃষ্ণ-অনুরাগী হয়ে উঠেছিলেন, ‘রামকৃষ্ণ কথামৃত’-সূত্রে তার কোনো উত্তর তুমি খুঁজে পেতে পার কি? তোমার মতামত জানাও। ১০

অথবা

- ৮। ‘রামকৃষ্ণ কথামৃত’-র ভাষা বহুসময়েই ভদ্রলোক-সুলভ পরিশীলনকে প্রত্যাখান করে। ‘রামকৃষ্ণ কথামৃত’ের বয়ানও উনিশ শতকীয় ‘ভদ্রলোক’-ধারণার এক ত্রিগটিক। এ কথা কি তুমি মানবে? তোমার নিজস্ব মতামত দাও। ১০

কলা স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২২

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি. ২.৫৬ বি

বাংলা জনপ্রিয় আখ্যান

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

নীচের যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। ঊনবিংশ শতকের শেষ থেকে বিশ শতকের প্রথম দুই দশকে পপুলার কালচার বা মাস কালচার নিয়ে ইংরেজ ও ইউরোপীয় বুদ্ধিজীবী ও তাত্ত্বিকরা যেভাবে অভিজাত শ্রেণির দৃষ্টিকোণ থেকে সংস্কৃতির ব্যাখ্যায় সচেতন ছিলেন তার পরিচয় দাও। ১০

অথবা

- ২। শিল্পবিপ্লবোত্তর যুগে প্রযুক্তির হাত ধরে সাহিত্য কীভাবে পণ্য হয়ে উঠল তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০
- ৩। যদি বলা হয় ‘রাত ভ’রে বৃষ্টি’ একেবারেই ভুল কারণে জনপ্রিয় হওয়া একটি বই তাহলে তুমি কি তার সঙ্গে সহমত হবে? যুক্তিসহ তোমার মত জানাও। ১০

অথবা

- ৪। দীর্ঘ সময়ের পরিসর জুড়ে ‘চৌরঙ্গী’ উপন্যাসের যে অসামান্য জনপ্রিয়তা তা কি নিতান্তই আকস্মিক নাকি তা শংকরের এক সচেতন নির্মাণ প্রয়াসেরই ফল? বিশ্লেষণ করো। ১০